



জনসংযোগ অফিস বরিশাল বিশ্ববিদ্যালয়

কর্ণকাঠী, বরিশাল সদর, বরিশাল-৮২০০

ফোনঃ ০৪৩১-৬১২১২-১৩৫০(এক্স) মোবাঃ ০১৭১১-০০১৯০৫ E-mail: b.university.pro@gmail.com, Web: barisaluniv.edu.bd




প্রেস রিলিজ

তারিখঃ ২৭/০৮/২০১৯ খ্রিঃ

শোকাবহ আগস্ট স্মরণে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ বরিশাল বিশ্ববিদ্যালয় ছাত্র ইউনিটের উদ্যোগে আলোচনা ও শোকসভা অনুষ্ঠিত

স্বাধীনতার মহান স্থপতি জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান এর ৪৪তম শাহাদাতবার্ষিকী ও জাতীয় শোক দিবস উপলক্ষে বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ বরিশাল বিশ্ববিদ্যালয় ছাত্র ইউনিটের উদ্যোগে অদ্য ২৭ আগস্ট ২০১৯ তারিখ বেলা ৩টায় বিশ্ববিদ্যালয়ের জীবনানন্দ দাশ কনফারেন্স হলে এক আলোচনা ও শোকসভা অনুষ্ঠিত হয়েছে। বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ বরিশাল বিশ্ববিদ্যালয় ছাত্র ইউনিটের আহবায়ক মোঃ আল-আমিন এর সভাপতিত্বে সভায় প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন বিশ্ববিদ্যালয়ের মাননীয় উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) অধ্যাপক ড. এ কে এম মাহবুব হাসান। বিশেষ অতিথি ছিলেন কলা ও মানবিক অনুষদের ডিন, জীবনানন্দ দাশ রিসার্চ সেন্টারের পরিচালক অধ্যাপক ড. মোঃ মুহসিন উদ্দীন। আলোচনা সভার শুরুতে ১৫ আগস্টে জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের যে সকল সদস্য শাহাদাত বরণ করেছেন তাঁদের স্মরণে দাড়িয়ে ১ মিনিট নিরবতা পালন করা হয়। সভায় প্রধান অতিথির বক্তব্যে উপাচার্য (দায়িত্বপ্রাপ্ত) মহোদয় বলেন আগস্ট মাস শোকের মাস, এমাসে আমরা অত্যন্ত শোকাহত ও বেদনাহত। কেননা এই আগস্ট মাসে শুধু ১৫ আগস্টের মতো বেদনাবিদুর ঘটনাই ঘটেনি, এমাসে ঘটেছে ১৭ই আগস্ট ও ২১ আগস্টের মতো ঘটনাও। উপাচার্য মহোদয় ১৫ আগস্টে বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমান ও তাঁর পরিবারের যে সকল সদস্য শাহাদাত বরণ করেন তাঁদেরসহ ১৫ আগস্টে আরও যারা শাহাদাত বরণ করেছেন তাঁদের রুহের মাগফেরাত কামনা করেন এবং ১৫ আগস্টের নৃসংশ হত্যাকাণ্ড থেকে বেঁচে ফেরা সকলের দীর্ঘায়ু কামনা করেন। তিনি বলেন, বঙ্গবন্ধুকে আমাদের হৃদয়ে ধারণ করতে হবে। আমরা যে যে অবস্থানে আছি প্রত্যেককে তার সে অবস্থান থেকে কাজ করে প্রধানমন্ত্রী শেখ হাসিনার হাতকে শক্তিশালী করতে হবে। আর তাহলেই বঙ্গবন্ধুর স্বপ্নের সোনার বাংলা নির্মাণ সম্ভব হবে। উপাচার্য মহোদয় আরও বলেন, মুক্তিযুদ্ধের স্বপ্নের শক্তি তথা আওয়ামীলীগকে বারবার ক্ষমতায় রাখতে হবে, কেননা দেশের চলমান উন্নয়নের অগ্রযাত্রা অব্যাহত রাখতে এবং বাংলাদেশকে একটি মধ্যম আয়ের দেশ থেকে উন্নত দেশে পরিনত হতে হলে মাননীয় প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনার কোনো বিকল্প নেই। সভায় অন্যান্যদের মধ্যে আরও বক্তব্য রাখেন বিইউডিএস এর সাধারণ সম্পাদক বাহাউদ্দীন আবির, সমকাল সুহৃদ সমাবেশ ববি শাখার সভাপতি সাগর আহমেদ, প্রথম আলো বন্ধুসভা ববি শাখার সভাপতি ইকবাল মাহমুদ, ম্যানেজমেন্ট স্টাডিজ বিভাগের শিক্ষার্থী রফিকুল ইসলাম, ছাত্রলীগ নেতা সৈয়দ জিসান আহমেদ, বিএনসিসি ক্যাডেট হাফিজুর রহমান, বঙ্গবন্ধু শিক্ষা ও গবেষণা পরিষদ কেন্দ্রীয় কমিটির সাংগঠনিক সম্পাদক ও ছাত্র ইউনিটের কেন্দ্রীয় সমন্বয়কারী বিশ্ববিদ্যালয়ের সহকারী পরিচালক বাহাউদ্দীন গোলাপ, ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ মিজানুর রহমান, শিক্ষক সমিতির সাবেক সভাপতি ইংরেজি বিভাগের সহকারী অধ্যাপক মোঃ আরিফ হোসেন। সভায় বিভিন্ন বিভাগের শিক্ষক, শিক্ষার্থী, কর্মকর্তা ও কর্মচারীরা উপস্থিত ছিলেন। অনুষ্ঠান সঞ্চালনার দায়িত্বে ছিলেন বিশ্ববিদ্যালয়ের শিক্ষার্থী ৭১'র চেতনা ববি শাখার সাবেক সভাপতি মোঃ লোকমান হোসেন।

কর্তৃপক্ষের নির্দেশক্রমে



উপ-পরিচালক (চ.দা.)

জনসংযোগ অফিস